# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

## বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও ]

### ক বিভাগ

**১.▶** রানা এন্ড কোং-এর ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখের রেওয়ামিল নিম্নরূপ:

রেওয়ামিল

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৫০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৪,০০,০০০ | ৯,০০,০০০ |
| ফেরত | ২০,০০০ | ১০,০০০ |
| বেতন | ৫০,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ৭,৫০০ | |
| কারবারি বাট্টা | ১০,০০০ | ৭,৫০০ |
| পরিবহন খরচ | ২৫,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২৭,৫০০ | |
| ভাড়া প্রাপ্তি | | ১০,০০০ |
| শিক্ষানবিশ ভাতা ও সেলামি | | ২৬,৫০০ |
| বিবিধ দেনাদার | ৪,০০,০০০ | |
| মূলধন | | ১,৪৯,০০০ |
| খাজনা ও কর | ১০,০০০ | |
| | ১১,০৩,০০০ | ১১,০৩,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্য ১,২৩,০০০ টাকা। ii. মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। iii. দেনাদারের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে। iv. বিজ্ঞাপন খরচ ৫ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

ক. অপরিচালন আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা নির্ণয় করো। ৪

গ. পরিচালন মুনাফা নির্ণয় করো। ৪

**২.▶** জনাব মাসুদের খতিয়ান উদ্বৃত্ত নিম্নরূপ : (২০১৫ সালের)

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ১১,৪০০ | ১,০০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ১,২৫,০০০ | ২,১০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৩,০০০ | |
| নগদ তহবিল | ২৩,৬০০ | |
| প্রাপ্য হিসাব | ৪৮,০০০ | |
| অগ্রিম বিমা সেলামি | ৬,০০০ | |

http://teachingbd.com

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৭৫,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৩৫,০০০ |
| ৬% ঋণ (১.৭.১৫) | | ২০,০০০ |
| অনাদায়ী পাওনা | ১,৪০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৩,০০০ |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| ভাড়া | ১২,০০০ | |
| মজুরি | ১৭,০০০ | |
| বেতন | ৩১,১০০ | |
| ঋণের সুদ | ৫০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৬,০০০ |
| | ৩,৭৪,০০০ | ৩,৭৪,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৪৫,০০০ টাকা এবং বাজারমূল্য ৫০,০০০ টাকা। ii. বিজ্ঞাপনের উদ্দেশ্যে পণ্য বিতরণ ২,০০০ টাকা। মোট বিজ্ঞাপন খরচের ১/৩ অংশ অবলোপন করো। iii. অনাদায়ী পাওনা সঞ্চিতি ১,৮০০ টাকা হ্রাস করতে হবে। iv. অগ্রিম বিমা সেলামির ৩,২০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে। v. আসবাবপত্রের ৫% অবচয় ধরতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ২

খ. মোট লাভ ১,০৪,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় করো। ৪

গ. বছর শেষে মালিকানা স্বত্ব নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩.▶ আরিন এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্ত নিম্নে দেয়া হলো:

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| নগদ তহবিল | ৯০০ |
| ব্যাংক জমা | ১,২০০ |
| প্রাপ্য হিসাব | ১০,০০০ |
| আসবাবপত্র | ২৫,০০০ |
| নগদ তহবিল (১.১.১৫) | ১,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ |
| মূলধন | ৭৯,০০০ |
| ক্রয় | ৫২,০০০ |
| অব্যবহৃত মনিহারি | ৫০০ |
| যন্ত্রপাতি | ৩২,০০০ |

TeachingBD.com

| | |
|---|---|
| মজুরি | ১৩,০০০ |
| বিক্রয় ফেরত | ১,৬০০ |
| বেতন | ১৭,০০০ |
| শিক্ষানবিশ ভাতা | ২,০০০ |
| বিক্রয় | ৮৮,৭০০ |
| কমিশন প্রাপ্তি | ২,০০০ |

ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ কত? ২

খ. মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

৪.▶ সাহিদা ট্রেডার্সের ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ছিল ৫,০০০ টাকা। হিসাবভুক্ত অনাদায়ী পাওনা ২,২০০ টাকা। প্রাপ্য হিসাব ৫২,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায় হবে না। অনাদায়ী পাওনা সঞ্চিতি আরও ২,৫০০ টাকা বৃদ্ধি করতে হবে।

২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাব ৭০,০০০ টাকা। লিখিত অনাদায়ী পাওনা ১,৫০০ টাকা। উক্ত বছরে মোট অনাদায়ী পাওনার পরিমাণ ৩,২০০ টাকা। অনাদায়ী পাওনা সঞ্চিতি ৩,৫০০ টাকা হ্রাস করতে হবে।

ক. ২০১৫ সালের নতুন অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় করো। ২

খ. অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো। ৪

গ. ২০১৪ সালের আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৫.▶ নিম্নলিখিত তথ্যাবলি সুজানা এন্ড কোং-এর বই থেকে নেয়া হয়েছে:

i. ৩১ ডিসেম্বর ২০১৫ সালে পাস বইয়ের ক্রেডিট উদ্বৃত্ত ছিল ৭,১৪০ টাকা।

ii. ২৫ ডিসেম্বর তারিখে ৩,০০০ টাকা, ২,০০০ টাকা ও ৫৪৭ টাকার তিনখানি চেক কাটা হয়েছিল। কিন্তু ৩১ ডিসেম্বর পর্যন্ত ভাঙানো হয়নি।

iii. ২৭ ডিসেম্বর তারিখে ২,৪০০ টাকা, ৩,৬০০ টাকা, ৪,১০০ টাকার তিনখানি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেয়া হয়েছে। কিন্তু ঐ তারিখে উক্ত চেকগুলো আদায় হয়নি।

iv. ব্যাংক কর্তৃক সরাসরি প্রাপ্য বিলের টাকা আদায় ১,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

v. ব্যাংক কর্তৃক প্রদেয় বিলের অর্থ পরিশোধ ১,৫০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

vi. ব্যাংক চার্জ ২০০ টাকা ও ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১৫০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

vii. ব্যাংক বিমা প্রিমিয়াম পরিশোধ করেছে ১,০০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. পাওনাদার বরাবর ইস্যুকৃত চেকের মধ্যে ব্যাংকে উপস্থাপিত হয়নি-এরূপ চেকের টাকার পরিমাণ কত? ২

খ. উপর্যুক্ত তথ্যাবলী অবলম্বনে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

গ. ৪ ও ৫ নং দফার জাবেদা দাখিলা দাও। ৪

৬.▶ **বাধন ট্রেডার্স**

**রেওয়ামিল**

২০১৫ সালের ৩১ মার্চ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ২,৫০০ | |
| দেনাদার | ১,৮০০ | |
| সাপ্লাইজ | ১,১০০ | |
| পুঞ্জীভূত অবচয় (ইকুইপমেন্ট) | | ১,২০০ |
| ইকুইপমেন্ট | ৬,০০০ | |
| পাওনাদার | | ১,৪০০ |
| অনার্জিত আয় | | ৩০০ |
| মূলধন | | ৭,০০০ |
| উত্তোলন | ৬০০ | |
| সেবা আয় | | ৩,০০০ |
| বেতন | ৭০০ | |
| বিবিধ খরচ | ২০০ | |
| | ১২,৯০০ | ১২,৯০০ |

**অন্যান্য তথ্য :** i. মার্চ মাসের শেষে অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১৪০ টাকা। ii. মার্চ মাসের অবচয় ২০০ টাকা। iii. মার্চ মাস শেষে অনার্জিত আয়ের পরিমাণ ২০০ টাকা। iv. অগ্রিম বেতন ২০০ টাকা বেতনের অন্তর্ভুক্ত আছে।

ক. মার্চ মাসের পরিচালন খরচ কত? ২

খ. দশ কলাম বিশিষ্ট একটি কার্যপত্র প্রস্তুত করো। ৪

গ. আয় বিবরণী ও মালিকানা স্বত্ব বিবরণী তৈরি করো। ৪

৭.▶ নুসাইবা ট্রেডার্স লি.-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমন্বয়সমূহ নিম্নরূপ:

i. আসবাবপত্রের ওপর অবচয় ধার্য করো ১০%। আসবাবপত্রের মূল্য ৪০,০০০ টাকা।

ii. নিম্নমানের জন্য খরিদ্দারগণ পণ্য ফেরত পাঠিয়েছে ২,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

iii. বিজ্ঞাপন খরচ ৫,০০০ টাকা যার ২/৫ অংশ অবলোপন করতে হবে।

Teachingbd.com

iv. যন্ত্রপাতি ক্রয় ৫০,০০০ টাকা ক্রয়ের অন্তর্ভুক্ত রয়েছে।

v. শিক্ষানবিশ ভাতা বকেয়া রয়েছে ৫০০ টাকা।

ক. স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. সমন্বয়গুলোর জাবেদা তৈরি করো। ৪

গ. আসবাবপত্র হিসাব ও বিজ্ঞাপন হিসাবের খতিয়ান তৈরি করো। ৪

**৮.** ▶ জনাব রসিন একজন খুচরা ব্যবসায়ী। তিনি দু'তরফা দাখিলা মোতাবেক হিসাব সংরক্ষণ করেন না। তার ব্যবসায়ের অবস্থা নিম্নরূপ:

| বিবরণ | ১ জানু. ২০১৫ | ৩১ ডিসে. ২০১৫ |
|---|---|---|
| নগদ তহবিল | ২৫,০০০ | ১৭,০০০ |
| ব্যাংক জমা | ১০,০০০ | ১৩,০০০ |
| মজুদ পণ্য | ১৮,০০০ | ২৪,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | ৩৭,০০০ |
| প্রদেয় হিসাব | ২৩,০০০ | ২৮,০০০ |
| আসবাবপত্র | ৪০,০০০ | ৪০,০০০ |
| প্রাপ্য নোট | ৩,০০০ | ৫,০০০ |

জনাব রসিন ব্যবসায় হতে প্রতি মাসের শুরুতে নগদ ১,০০০ টাকা করে উত্তোলন করেন। এছাড়াও তিনি ৫,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেন। জনাব রসিন ৩১ মার্চ তারিখে ব্যবসায়ের জন্য ৪০,০০০ টাকা মূল্যের একখানি ডেলিভারি ভ্যান ক্রয় করেন যার অংশবিশেষ বাই সাইকেল ৩০,০০০ টাকা বিক্রয় করে সমুদয় টাকা সরবরাহ করেন।

**অন্যান্য তথ্য :** i. বেতন ৫,০০০ টাকা বকেয়া রয়েছে, পক্ষান্তরে ভাড়া ৩,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। ii. প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট টাকার ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। iii. স্থায়ী সম্পত্তির ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২

খ. সমাপনী মূলধন ১,৪০,০০০ টাকা ধরে লাভ-লোকসান বিবরণী তৈরি করো। ৪

গ. নিট লাভ ১৭,৫০০ টাকা ধরে বৈষয়িক বিবরণী তৈরি করো। ৪

**৯.** ▶ জনাব হাসান নগদে ৫০,০০০ টাকা এবং ধারে ২০,০০০ টাকার পণ্য নিয়ে কারবার শুরু করেন:

২০১৫

ফেব্রু. ১ নগদে ২০,০০০ টাকার পণ্য ক্রয়।

" ৭ ব্যাংকে হিসাব খোলা হলো ২০,০০০ টাকা।

http://teachingbd.com

" ১০ নগদ বিক্রয় ২৫,০০০ টাকা।
" ১৫ কালামের নিকট ধারে বিক্রয় ২০,০০০ টাকা।
" ১৮ বিক্রয়কৃত মাল ফেরত পাওয়া গেল ৫০০ টাকা।

ক. মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৭-১৮ তারিখ পর্যন্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. খ-তে উল্লিখিত লেনদেনগুলোর হিসাব সমীকরণে কী প্রভাব বিস্তার করে তা সারণি ছকের মাধ্যমে দেখাও। ৪

১০.▶ জনাব আকবর আলী ২০১৫ সালে জানুয়ারি মাসে নগদ লেনদেনগুলো যথাযথভাবে নগদান বইতে লিপিবন্ধ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

জানু. ১ নগদ উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা ও ব্যাংক জমা (ক্রেডিট) ৪,৫০০ টাকা।
" ৪ মাল বিক্রয় করা হলো ২০,০০০ টাকা। (৫% কারবারি বাট্টা ও ৫% নগদ)
" ৫ মিসেস শান্তার পাওনা ৬,০০০ টাকা, যার ৫% বাট্টায় ৫০% নগদে ও ৫০% চেকে পরিশোধ করা হলো।
" ১৫ দেনাদার ফাহিমের নিকট হতে ১০,০০০ টাকা পাওনার ২% বাট্টায় ৪,৮০০ টাকা নগদে ও অবশিষ্ট টাকা চেকে পাওয়া গেল। চেকখানি ঐ দিনই ব্যাংকে জমা দেয়া হলো।
" ২০ তামিমের নিকট হতে ৫% বাট্টায় ১৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ২১ স্বীকৃত বিলের মাধ্যমে ক্রয় ৫,০০০ টাকা ও ধারে বিক্রয় ১০,০০০ টাকা।

ক. নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না এমন দফাগুলো চিহ্নিত করো। ২

খ. ৪-২১ তারিখ পর্যন্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

গ. উপরোক্ত লেনদেনগুলো অবলম্বনে একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত করো। ৪

১১.▶ ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে প্রগতি এন্টারপ্রাইজ ৪,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে পরিবহন ব্যয় ৪০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা সংস্থাপন ব্যয় প্রদান করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১,৫০,০০০ টাকা। প্রগতি এন্টারপ্রাইজ ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করে।

ক. অবচয়ের হার এবং ১ম বৎসরের অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রথম দুই বছরের মেশিন হিসাব ও অবচয় হিসাব তৈরি করো। ৪

গ. প্রথম তিন বছরের পুঞ্জীভূত অবচয় – মেশিন হিসাব তৈরি করো। ৪

Teachingbd.com

সময় ঃ ৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. অগ্রদত্ত বলতে বোঝায়—
ক অগ্রিম দেয়া খ অগ্রিম খরচ
গ আগাম আয় ঘ ধারে লেনদেন

২. দু'ঘরা নগদান বই হতে একই সাথে জানতে পারি—
i. নগদ ব্যালেন্স ii. ব্যাংক ব্যালেন্স
iii. নগদ ও ব্যাংক ব্যালেন্স
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. সম্পত্তির ভগ্নাবশেষ মূল্য না থাকলে কোন পদ্ধতিতে অবচয় ধার্য করলে আয়ুষ্কাল শেষে সম্পত্তির মূল্য শূন্য হয় না?
ক ক্রমহ্রাসমান জের পদ্ধতি
খ সরলরৈখিক পদ্ধতি
গ বর্ষসংখ্যা সমষ্টি পদ্ধতি
ঘ উৎপাদন পদ্ধতি

৪. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি স্থল—
ক ইতালি খ ভারত
গ কানাডা ঘ যুক্তরাষ্ট্র

৫. সনাতন পদ্ধতিতে বকেয়া বেতন—
ক সম্পত্তিবাচক হিসাব খ ব্যক্তিবাচক হিসাব
গ নামিক হিসাব ঘ দায়বাচক হিসাব

৬. ব্যাংক বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে—
i. ব্যাংক জমাতিরিক্ত ii. নগদ উদ্বৃত্ত
iii. ব্যাংক জমার উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ i ও ii

৭. ব্যাংক উদ্বৃত্তের সঠিক পরিমাণ জানা যায়—
ক দু'ঘরা নগদান বই থেকে
খ ব্যাংক সমন্বয় বিবরণী থেকে
গ ব্যাংকের জমা রশিদ থেকে
ঘ ব্যাংক বিবরণী থেকে

৮. অবচয় ধার্যের ক্ষেত্রে হিসাববিজ্ঞানের কোন নীতি প্রভাব বিস্তার করে?
ক হিসাবকাল ধারণা
খ সত্তার ধারণা
গ চলমান প্রতিষ্ঠান ধারণা
ঘ রক্ষণশীলতা প্রথা

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৫ সালের ১ জানুয়ারি অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ১৫,০০০ টাকা। ৩১ ডিসেম্বর প্রাপ্য হিসাবের পরিমাণ ২,৪০,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ১৮,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা রাখতে হবে।

৯. নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত?
ক ২৫,৮০০ খ ২৫,৫০০
গ ২৪,০০০ ঘ ২২,২০০ টাকা

১০. আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত প্রাপ্য হিসাবের পরিমাণ কত?
ক ২,০৭,০০০ টাকা খ ২,০২,৮০০ টাকা
গ ১,৯৯,৮০০ টাকা ঘ ১,৮৪,৮০০ টাকা

১১. বিশদ আয় বিবরণীতে চার্জকৃত অনাদায়ী পাওনা খরচের পরিমাণ কত?
ক ২৫,২০০ টাকা খ ২২,২০০ টাকা
গ ১১,২০০ টাকা ঘ ১০,৮০০ টাকা

১২. প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, সমাপনী মজুদ ৭০,০০০ টাকা এবং ক্রয় ২,৬০,০০০ টাকা হলে সমন্বিত ক্রয় কত?
ক ১,৯০,০০০ টাকা খ ২,১০,০০০ টাকা
গ ২,৪০,০০০ টাকা ঘ ২,৮০,০০০ টাকা

১৩. যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়কে মজুরি হিসাবে লিপিবদ্ধ করার ভুলকে কোন ধরনের ভুল বলে?
ক করণিক ভুল খ নীতিগত ভুল
গ বাদ পড়ার ভুল ঘ পরিপূরক ভুল

১৪. প্রত্যেক মাসের শেষ তারিখে ৪০০ টাকা করে উত্তোলন করা হলো। উত্তোলনের ওপর সুদের হার ১০% হলে উত্তোলনের সুদের পরিমাণ কত?
ক ২০০ টাকা খ ২২০ টাকা
গ ২৪০ টাকা ঘ ৪৮০ টাকা

১৫. অবচয় হলো একটি—
i. অনগদ লেনদেন ii. অদৃশ্যমান লেনদেন
iii. অভ্যন্তরীণ লেনদেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. অবচয় ধার্যের ফলে—
i. সম্পদ ও মালিকানা স্বত্ব হ্রাস পায়
ii. ব্যয় বৃদ্ধি ও মুনাফা হ্রাস পায়
iii. সম্পদ হ্রাস ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

১৭. ১০,০০০ টাকার যন্ত্রপাতি নগদে ক্রয়- এই লেনদেনটি হিসাব সমীকরণ A = L + OE-এর কোন কোন উপাদানের পরিবর্তন ঘটায়?

ক) শুধু A উপদানের
খ) A এবং OE উপাদানের
গ) A এবং L উপাদানের
ঘ) OE এবং L উপাদানের

১৮. কোন লেনদেনটি ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়?

ক) জমাকৃত চেক প্রত্যাখ্যান
খ) চেকের অর্থ আদায়
গ) চেকের অর্থ পরিশোধ
ঘ) ব্যাংক সুদ ধার্য

১৯. আমানতকারী তার ব্যাংক সংক্রান্ত লেনদেন লিপিবন্ধ করে—

ক) নগদান বইয়ে
খ) ব্যাংক বিবরণীতে
গ) ক্রয় জাবেদায়
ঘ) বিক্রয় জাবেদায়

২০. ব্যবসায় প্রতিষ্ঠানের কোন স্থায়ী সম্পত্তির মূল্য আর্থিক অবস্থার বিবরণীতে বর্তমান মূল্যে না লিখে ক্রয় মূল্যে লিখা হয় কোন ধারণা অনুসারে?

ক) ব্যবসায়িক সত্তা ধারণা
খ) আদায়করণ ধারণা
গ) ঐতিহাসিক মূল্য
ঘ) কোনটিই নয়

২১. অব্যবহৃত মনিহারির জন্য সমন্বয় দাখিলা হবে—

ক) অব্যবহৃত মনিহারি Dr মনিহারি হিসাব Cr
খ) মনিহারি হিসাব Dr অব্যবহৃত মনিহারি Cr
গ) সাধারণ খরচ হিসাব Dr মনিহারি হিসাব Cr
ঘ) অব্যবহৃত মনিহারি হিসাব Dr নগদান হিসাব Cr

২২. বৈষয়িক বিবৃতিতে সম্পত্তি ও দায়ের পার্থক্যকে কী বলা হয়?

ক) মূলধন তহবিল
খ) মূলধন
গ) নিট সম্পত্তি
ঘ) নিট দায়

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. জিরান ব্যবসায়ে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,০০,০০০ টাকা। এ মূল্যায়নের পরক্ষণে ২৫,০০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হয়েছে। বিমা কোম্পানি ২০,০০০ টাকা দাবি পূরণে সম্মত হয়েছে।

২৩. আর্থিক বিবরণীতে অস্বাভাবিক ক্ষতি হিসাবে দেখাতে হবে—

ক) ৫,০০০ টাকা
খ) ২০,০০০ টাকা
গ) ২৫,০০০ টাকা
ঘ) ৭৫,০০০ টাকা

২৪. সমাপনী মজুদ পণ্য বাবদ সমন্বয় দাখিলায় ডেবিট হবে—

ক) ৭৫,০০০ টাকা
খ) ১,০০,০০০ টাকা
গ) ১,২৫,০০০ টাকা
ঘ) ১,৪৫,০০০ টাকা

২৫. নগদ টাকার বিকল্প হিসাবে কাজ করে—

ক) শেয়ার
খ) ঋণপত্র
গ) স্টক
ঘ) চেক

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**

সাবা এন্টারপ্রাইজ ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ৮০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করেন। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা। মেশিনের অবচয়ের হার ১০%।

২৬. ২০১০ সালে মেশিনের অবচয়ের পরিমাণ—

ক) ২,০০০ টাকা
খ) ৬,০০০ টাকা
গ) ৮,০০০ টাকা
ঘ) ১০,০০০ টাকা

২৭. নগদে মেশিন ক্রয় ও সংস্থাপন ব্যয়ের লিপিবন্ধ করলে—

i. মেশিন হিসাব ডেবিট
ii. সংস্থাপন হিসাব ডেবিট
iii. নগদান হিসাব ক্রেডিট

নিচের কোনটি সঠিক?

ক) i
খ) ii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

২৮. সাধারণ জাবেদার অন্তর্ভুক্ত—

ক) বিক্রয় জাবেদা
খ) নগদ প্রাপ্তি জাবেদা
গ) বিক্রয় ফেরত জাবেদা
ঘ) সমন্বয় জাবেদা

২৯. জাবেদা খতিয়ানের সহায়ক বই হিসাবে কাজ করে বিধায়—

i. খতিয়ান প্রস্তুত সহজ হয়
ii. খতিয়ানের প্রয়োজন হয় না
iii. খতিয়ান পরিচ্ছন্ন ও নির্ভুল হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩০. খুচরা খরচগুলোর হিসাব রাখার দায়িত্বে নিয়ুক্ত থাকে—

ক) ক্যাশিয়ার
খ) পেটি ক্যাশিয়ার
গ) প্রধান ক্যাশিয়ার
ঘ) সহকারী ক্যাশিয়ার

Teachingbd.com